

নং-৩৪.০১.০০০০.০৪০.৩৭.৩২.১৫- ৬৭১

তারিখঃ ২৬-০৭-২০১৯ খ্রিঃ

অফিস আদেশ

যুব উন্নয়ন অধিদপ্তরধীন “টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডার প্রিভিলেইজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের ৭টি আইসিটি ট্রেনিং ভ্যান (মিনি বাস) পবিত্র ঈদ-উল আযহা ছুটিকালীন সময়ে নিম্ন ছকে বর্ণিত ভেন্যুতে অবস্থান করবে। প্রতিটি আইসিটি ট্রেনিং ভ্যানে সংযুক্ত প্রশিক্ষক (কম্পিউটার), সহকারী প্রশিক্ষক (কম্পিউটার), গাড়ি চালক এবং ক্রিনারগণ স্ব স্ব আইসিটি ট্রেনিং ভ্যানে রক্ষিত মালামালসমূহ নিরাপদ ভাবে সংরক্ষণ করতঃ সংশ্লিষ্ট কার্যালয় প্রধানের সাথে যোগাযোগ করে ০৮ আগস্ট ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে নির্ধারিত স্থানে ভ্যানগুলো রাখবেন।

ক্রমিক নং	বিভাগের নাম	আইসিটি ট্রেনিং ভ্যান (মিনি বাস) রেজিঃ নম্বরসহ	আগস্ট ২০১৯ মাসে প্রশিক্ষণ ভেন্যু (উপজেলা)	ছুটিকালীন ভেন্যু	মন্তব্য
১.	ঢাকা	ঢাকা-মেট্রো- ঝ-১১-০৭৭৭	ধামরাই, ঢাকা জেলা	শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, সাভার।	
২.	চট্টগ্রাম	ঢাকা-মেট্রো- ঝ-১১-০৭৭৮	কোম্পানীগঞ্জ, নোয়াখালী জেলা	যুব প্রশিক্ষণ কেন্দ্র, নোয়াখালী।	
৩.	রাজশাহী	ঢাকা-মেট্রো- ঝ-১১-০৭৭৯	আটঘরিয়া, পাবনা জেলা	যুব প্রশিক্ষণ কেন্দ্র, পাবনা।	
৪.	খুলনা	ঢাকা-মেট্রো- ঝ-১১-০৭৮০	মোলাহাট, বাগেরহাট জেলা	যুব প্রশিক্ষণ কেন্দ্র, বাগেরহাট।	
৫.	ঢাকা	ঢাকা-মেট্রো- ঝ-১১-০৭৮১	মধুখালী, ফরিদপুর জেলা	যুব প্রশিক্ষণ কেন্দ্র, ফরিদপুর।	
৬.	ময়মনসিংহ	ঢাকা-মেট্রো- ঝ-১৪-০১০৫	ইশ্বরগঞ্জ, ময়মনসিংহ জেলা	ইশ্বরগঞ্জ থানা, ময়মনসিংহ।	
৭.	রংপুর	ঢাকা-মেট্রো- ঝ-১১-০৭৮২	সুন্দরগঞ্জ, গাইবান্ধা জেলা	যুব প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা।	

- ০১। আগস্ট ২০১৯ মাসে ৭টি আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে ১ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণের জন্য ১৬-০৬-২০১৯ খ্রিঃ তারিখের ৩৪.০১.০০০০.০৪০.৩৭.৩২.১৫-৩৪৭ সংখ্যক পত্রে নির্বাচিত ৭টি ভেন্যুতে পবিত্র ঈদ-আযহা ছুটি শেষে স্ব স্ব আইসিটি ট্রেনিং ভ্যান নিয়ে গমন করবেন এবং যথারীতি ১ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখবেন। উল্লেখ্য ঈদ-উল-আযহা ছুটি শেষে প্রশিক্ষণ যথারীতি শুরু করার নিমিত্ত প্রশিক্ষক, সহকারী প্রশিক্ষক, গাড়িচালক ও ক্রিনারগণ সরকারি অফিস খোলার পূর্বেদিন অপরাহ্নে সংশ্লিষ্ট আইসিটি ভ্যানের অবস্থানকালীন ভেন্যুতে অব্যর্থভাবে রিপোর্ট করবেন।
- ০২। ০৯-০৮-২০১৯ খ্রিঃ তারিখ হতে দীর্ঘ ছুটির কারণে ১ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ কোর্সটি ২২ টি কর্মদিবসের নির্ধারিত সিলেবাস অনুযায়ী প্রশিক্ষণ সম্পন্নকরণের নিমিত্ত সাপ্তাহিক ছুটির দিনে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং অন্যান্য দিনে অতিরিক্ত ক্লাস নিয়ে মাসিক প্রশিক্ষণ কোর্সটি সুসম্পন্ন করতে হবে।
- ০৩। উপরি বর্ণিত ভেন্যুতে ভ্যানগুলো অবস্থানকালীন এর নিরাপত্তা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃপক্ষ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। সংশ্লিষ্ট উপপরিচালক বিষয়টি দেখভাল করবেন। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(আবুল হাছান খান)
যুগ্ম-সচিব
পরিচালক (পরিকল্পনা)
ও
প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
টেকাব প্রকল্প
ফোন ৯৫৬০৭০৩।

সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক -----, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, ঢাকা/ময়মনসিংহ/নোয়াখালী/পাবনা/বাগেরহাট/ফরিদপুর/গাইবান্ধা জেলা।
- ০৩। উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। পুলিশ সুপার, ঢাকা/ময়মনসিংহ/নোয়াখালী/পাবনা/বাগেরহাট/ফরিদপুর/গাইবান্ধা জেলা।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। উপজেলা চেয়ারম্যান, ----- উপজেলা ----- জেলা।
- ০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৮। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা/ময়মনসিংহ/নোয়াখালী/পাবনা/বাগেরহাট/ফরিদপুর/গাইবান্ধা জেলা।
- ০৯। প্রোগ্রামার, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা, পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
- ১০। উপজেলা নিবাহী অফিসার, ----- উপজেলা ----- জেলা।
- ১১। ডেপুটি কো-অডিমেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, -----।
- ১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ----- উপজেলা ----- জেলা।
- ১৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ----- উপজেলা ----- জেলা।
- ১৪। প্রশিক্ষক (কম্পিউটার)/সহকারী প্রশিক্ষক (কম্পিউটার) টেকাব প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী যুব উন্নয়ন অধিদপ্তর ঢাকা।